

জাতীয় শিক্ষা সপ্তাহ -২০২৪ উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব আফরোজা হাবিব শাপলা, উপজেলা নির্বাহী অফিসার, পরশুরাম, ফেনী।  
তারিখ : ১৬.০৪.২০২৪ খি.  
সময় : সকাল ১১.০০ ঘটিকা  
স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পরশুরাম, ফেনী


উপস্থিতি সদস্য বৃন্দঃ পরিশিষ্ট 'ক'

সভায় শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জাতীয় শিক্ষা সপ্তাহ -২০২৪ উদযাপন এর নীতিমালা ও সময় সূচী উপস্থাপন করেন। উপজেলার প্রতিটি মাধ্যমিক স্কুল, কলেজ, মাদরাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান সমূহ জাতীয় শিক্ষা সপ্তাহের কর্মসূচীতে অংশ গ্রহন করবে। জাতীয় শিক্ষা সপ্তাহ -২০২৪ উদযাপন এর নীতিমালা ও সময় সূচী অনুযায়ী উপজেলা পর্যায়ে ২২.০৪.২০২৪ থেকে ২৩.০৪.২০২৪ খ্রি. পর্যন্ত উদযাপন করতে হবে। বিস্তারিত আলোচনাতে প্রতিষ্ঠান পর্যায়ে নির্বাচিতদের তালিকা ও প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ২১.০৪.২০২৪ তারিখ ৪.০০ টার মধ্যে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে প্রেরণ করবেন। উপজেলা পর্যায়ে নিম্নবর্ণিত তারিখ, সময় ও ভেন্যু/স্থানে বাস্তবায়নের জন্য কর্মসূচী গ্রহণ করা হয়।

ক্রমিক নং	তারিখ ও সময়	ইভেন্টসমূহ	ভেন্যু/স্থান	বাস্তবায়ন কমিটি
০১	২৩.০৪.২০২৪ সকাল ১০.০০ঘটিকা	কেরাত,হামদ/নাত,বাংলা রচনা প্রতিযোগিতা (বিষয়: অনির্ধারিত - বিচারক তাৎক্ষণিক নির্ধারন করবেন),ইংরেজি রচনা প্রতিযোগিতা( ৬ষ্ঠ -৮ম এবং ৯ম -১০ম শ্রেণি) (বিষয়: অনির্ধারিত - বিচারক তাৎক্ষণিক নির্ধারন করবেন),ইংরেজি বক্তব্য প্রতিযোগিতা( ১১শ -১২শ এবং ১৩শ-১৭শ শ্রেণি),বাংলা কবিতা আবৃত্তি (স্বরচিত/নির্বাচিত), বিতর্ক প্রতিযোগিতা(একক),নির্ধারিত বক্তৃতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধ।	পরশুরাম কবি শামসুন নাহার মাহমুদ পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়, পরশুরাম, ফেনী	১.সহকারী কমিশনার (ভূমি) -আহবায়ক ২.উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা - সদস্য ৩. জনাব মো: তৌহিদুল ইসলাম, সহকারি শিক্ষক (বিজ্ঞান) পরশুরাম সরকারি মডেল পাইলট হাইস্কুল - সদস্য ৪.ইমাম ও খতিব,পরশুরাম সরকারি কলেজ জামে মসজিদ - সদস্য
০২	২৩.০৪.২০২৪ সকাল ১০.০০ঘটিকা	দেশাত্মবোধক গান,রবীন্দ্র সঙ্গীত,নজরুল সঙ্গীত, উচ্চাঙ্গ সঙ্গীত, লাকসঙ্গীত (ভাওয়াইয়া,ভাটিয়ালী,পল্লীগীতি,লালনগীতি), জারীগান,নৃত্য (উচ্চাঙ্গ), লোক নৃত্য, তাৎক্ষণিক অভিনয়	পরশুরাম কবি শামসুন নাহার মাহমুদ পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় পরশুরাম, ফেনী	১.উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা - আহবায়ক ২. জনাব চৈতি রায়, পরশুরাম নজরুল সংগীত একাডেমী - সদস্য ৩. জনাব ইউসুফ বকুল, পরশুরাম নজরুল সংগীত একাডেমী - সদস্য
০৩	২২.০৪.২০২৪ সকাল ১১.০০ঘটিকা	শ্রেষ্ঠ শিক্ষার্থী,শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক,শ্রেষ্ঠ স্কাউট, শ্রেষ্ঠ গার্লস গাইড, শ্রেষ্ঠ রোভার, শ্রেষ্ঠ রেঞ্জার, শ্রেষ্ঠ বি.এন.সি.সি, শ্রেষ্ঠ স্কাউট গ্রুপ, শ্রেষ্ঠ গার্লস গাইড গ্রুপ, শ্রেষ্ঠ রোভার গ্রুপ, শ্রেষ্ঠ রেঞ্জার গ্রুপ, শ্রেষ্ঠ বি.এন.সি.সি গ্রুপ, শ্রেষ্ঠ স্কাউট শিক্ষক, শ্রেষ্ঠ গার্লস গাইড শিক্ষক, শ্রেষ্ঠ রোভার শিক্ষক, শ্রেষ্ঠ রেঞ্জার শিক্ষক, শ্রেষ্ঠ বি.এন.সি.সি শিক্ষক,শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান	উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষ	০১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার - আহবায়ক ০২.উপজেলা শিক্ষা অফিসার - সদস্য ০৩. সহকারী প্রোগ্রামার (আইসিটি) - সদস্য

বিভিন্ন প্রতিযোগিতার দায়িত্ব প্রাপ্ত সকলকে বিচারক হিসেবে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়। উক্ত কর্মসূচীর প্রতিটি অনুষ্ঠানে সংশ্লিষ্ট সকলের উপস্থিতি ও সহযোগিতা কামনা করা হয়। জাতীয় শিক্ষা সপ্তাহ -২০২৪ উদযাপন এর নীতিমালা পূর্বে মেইলে প্রেরণ করা হয়েছে। প্রয়োজনে [www.fwb.edu.nf](#) হতে ডাউনলোড করা যেতে পারে।

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
(আফরোজা হাবিব শাপলা)  
উপজেলা নির্বাহী অফিসার

ও

আহবায়ক


জাতীয় শিক্ষা সপ্তাহ -২০২৪ উদযাপন কমিটি  
পরশুরাম, ফেনী।

স্মারক নং- ৩৭.০২.৩০৫১.০০০.০০.০ ৫৩.২৪- ৫৫৪

তারিখঃ ১৬/০৪/২০২৪খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

০১. জেলা প্রশাসক, ফেনী।
০২. জেলা শিক্ষা অফিসার, ফেনী।
০৩. উপজেলা নির্বাহী অফিসার, পরশুরাম, ফেনী।
০৫. -----অফিসার, পরশুরাম, ফেনী, বাস্তবায়ন কমিটি সদস্য সচিব/সদস্য।
০৬. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার-----কলেজ/বিদ্যালয়/মাদরাসা (সকল), পরশুরাম, ফেনী।
০৭. সংরক্ষণ নথি।

  
(কাজী আব্দুল ওয়াহিদ মোঃ সালেহ)  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ও

সদস্য সচিব

জাতীয় শিক্ষা সপ্তাহ -২০২৪ উদযাপন কমিটি  
পরশুরাম, ফেনী।

